



স্মারক নং: ১২.০৪.৪৭০০.০০২.৩৬.০৩৪.২৪-৭৪

তারিখঃ- ১৪/০১/২০২৫ খ্রি.

বিষয়ঃ অসাধু উপায়ে পাকিজা (Pakeeza, F1 Hybrid) তরমুজের বীজ প্যাকেটে মেয়াদোত্তীর্ণের তারিখ পরিবর্তনের জন্য ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্রঃ উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, ফুলতলা, খুলনা এর স্মারক নং-১২.০২.৪৭৬৯.০০০.১৯.০২৩.২৪.৪০, তারিখ-১৪/০১/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত পত্র মোতাবেক সংশ্লিষ্ট উপজেলায় মিনিপুকুর ভিত্তিক তরমুজ চাষ প্রদর্শনীর জন্য এ আর মালিক সীডস প্রাইভেট লিমিটেড কোম্পানির প্রতিনিধির মাধ্যমে ক্রয়কৃত পাকিজা (Pakeeza, F1 Hybrid) তরমুজের বীজের প্যাকেটে উল্লেখিত দুই (০২) টি লটে (যার লট নং-৩১৮১৩৭০১০০৩ এবং ৩১৮১৫১০১০০৩) মেয়াদোত্তীর্ণ তারিখটি ২৩/০১/২০২৫ খ্রি. এর পরিবর্তে অসাধু উপায়ে মার্কার কলমের মাধ্যমে পরিবর্তন করে ২৩/০১/২০২৬ খ্রি. করা হয়েছে। নিম্নস্বাক্ষরকারী মনে করেন মেয়াদোত্তীর্ণের পরিবর্তিত তারিখ সম্বলিত বীজ ক্রয় করে কৃষক প্রতারিত হচ্ছেন একইসাথে এ আর মালিক সীডস প্রাইভেট লিমিটেড কোম্পানির মতো স্বনামধন্য প্রতিষ্ঠানের ভাবমূর্তির সঙ্গে বিষয়টি অসঙ্গতিপূর্ণ এবং সাপ্লাই চেইনের কোনো এক পর্যায়ে অসাধু ব্যক্তি বা সংশ্লিষ্ট ডিলারের অপকর্মের মাধ্যমে প্রতিষ্ঠানটির সুনাম ক্ষুণ্ণ হচ্ছে যা কৃষির মান উন্নয়ন ও সঠিক বীজ সরবরাহ ব্যবস্থাপনার জন্য হুমকিস্বরূপ। এমতাবস্থায়, আপনার কোম্পানিকে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো :-

১. উক্ত দুই (০২) টি লট নম্বরের সকল তরমুজের বীজ জেলার সকল বাজার ও সরবরাহকারীর নিকট থেকে দ্রুত প্রত্যাহার করা।
২. বিষয়টি গুরুত্ব সহকারে মনিটরিং করে দোষী ব্যক্তিদের চিহ্নিত করে ব্যবস্থা গ্রহণ।
৩. ভবিষ্যতে এ ধরনের অনিয়ম এড়াতে আপনার প্রতিষ্ঠানের সাপ্লাই চেইনের পর্যাপ্ত মনিটরিং ব্যবস্থা নিশ্চিত করা।

অতএব, বিষয়টি দ্রুত সমাধানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করছি এবং আপনার দপ্তর থেকে গৃহীত কার্যক্রম সম্পর্কে জেলা বীজ প্রত্যয়ন অফিসার, খুলনাকে অবগত করার জন্য অনুরোধ জানাচ্ছি।

ব্যবস্থাপনা পরিচালক
এ আর মালিক সীডস প্রাইভেট লিমিটেড
ঢাকা।


১৪/০১/২০২৫
(ড. রুবায়ত আরা)

জেলা বীজ প্রত্যয়ন অফিসার (অ.দা)
ফোন: ০২-৪৭৭৭০২৬২৩
email: dsc0.khulna@sca.gov.bd

সংযুক্তঃ সরবরাহকৃত পাকিজা তরমুজ বীজের প্যাকেট এর ছবি।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর-১৭০১।
- ২। অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ/মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর-১৭০১।
- ৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা অঞ্চল, খুলনা।
- ৪। আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, খুলনা অঞ্চল, খুলনা।
- ৫। উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা জেলা, খুলনা। (আপনার জেলার সকল উপজেলা কৃষি অফিসারকে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ)।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল), খুলনা জেলা, খুলনা।
- ৭। উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল), খুলনা জেলা, খুলনা। (সংশ্লিষ্ট উপজেলায় বাজার মনিটরিং ব্যবস্থা জোরদারকরণসহ কৃষকের মাঝে বিষয়টি ব্যাপক প্রচারণার জন্য অনুরোধসহ)।
- ৮। এরিয়া সেলস অফিসার, এ আর মালিক সীডস প্রাইভেট লিমিটেড, খুলনা।
- ৯। টেরিটরি সেলস অফিসার, এ আর মালিক সীডস প্রাইভেট লিমিটেড, খুলনা।
- ১০। অফিস কপি।

